# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৭১

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মুহাফ্ফালাত বা স্তনে দুগ্ধ জমিয়ে রেখে পশু বিক্রি করা।

## باب مَا جَاءَ فِي بَيْعِ الْمُحَفَّلاَتِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ سِمَاكٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " لاَ تَسْتَقْبِلُوا السُّوقَ وَلاَ تُحَفِّلُوا وَلاَ يُنَفِّقْ بَعْضُكُمْ لِبَعْضٍ " . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَأَبِي هُرَيْرَةَ . وَحَدِيثُ ابْنِ عَبَّاسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ كَرِهُوا بَيْعَ الْمُحَفَّلَةِ وَهِيَ الْمُصَرَّاةُ لاَ يَحْلُبُهَا صَاحِبُهَا أَيَّامًا أَوْ نَحْوَ ذَلِكَ لِيَجْتَمِعَ اللَّبَنُ فِي ضَرْعِهَا فَيَغْتَرَّ بِهَا الْمُشْتَرِي . وَهَذَا ضَرْبٌ مِنَ الْخَدِيعَةِ وَالْغَرَرِ .

বাংলা

১২৭১. হান্নাদ (রহঃ) ..... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, বাজারে পৌঁছার পূর্বেই (স্বল্পমূল্যে ক্রয়ের জন্য) তেজারতী কাফেলার সাক্ষাৎ করবে না, পশুর স্তনে দুধ জমিয়ে রাখবে না, কেউ অন্যের পন্য চালানোর জন্য অপচেষ্টা করবে না। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এ বিষয়ে ইবনু মাসউদ ও আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহ থেকেও হাদীস বর্ণিত আছে। - তিরমিজী হাদিস নম্বরঃ ১২৬৮ [আল মাদানী প্রকাশনী]

ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সাহীহ। আলিমগণ এতদনুসারে আমল করেছেন। তারা মুহাফফালা বা স্থানে দুগ্ধ জমিয়ে সেই পশু বিক্রি করা না জায়িয বলেছেন। মুহাফফালাই হলো মুসাররাত- কয়েকদিন পর্যন্ত মালিক দুগ্ধবর্তী পশুর দুধ দোহন করা থেকে বিরত থাকে যাতে এর স্তনে দুধ জমা হয়ে যায়। যেন ক্রেতা ধোঁকায় পড়ে যায়। এ হলো এক ধরণের প্রবঞ্চনা ও ধোঁকাবাজী।

## English

Narrated Ibn 'Abbas:

That the Prophet (ﷺ) said: "Do not go out to meet the market (caravan), do not leave animals un-milked (to deceive the buyer), nor out-spend one another."

[Abu 'Eisa said:] There are narrations on this topic from Ibn Mas'ud and Abu Hurairah. The Hadith if Ibn 'Abbas is a Hasan Sahih Hadith. This is acted upon according to the people of knowledge, they dislike selling the Muhaffalah, and it is the Musarrah that has not been milked by its owner in days or more than that, so the milk accumulates in its udder to impress the purchaser. This is a type of deceit and misrepresentation.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21689

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন